ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 1 ● Issue - 9 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৬৫ ● কলকাতা ● ০৪ আষাঢ়, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ১৯ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# রাষ্ট্রপতি শাসনের দাবি তুললেন বিরোধী দলনেতা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

গোষ্ঠীদ্বন্দ্বের পর আদালতের অনুমতি দিয়ে মহেশতলায় শুভেন্দু অধিকারী। কিন্তু সেখানে পা রাখা মাত্র তুমুল বিক্ষোভের মধ্যে পড়তে হল বিরোধী দলনেতাকে। তাঁকে দেখে 'চোর', 'চোর' স্লোগান উঠল। রীতিমতো মাইক বাজিয়ে ছড়িয়ে দেওয়া হল ওই ধ্বনি। তৃণমূলের লোকজনই এই ঘটনা ঘটিয়েছে বলে দাবি বিজেপি-র।এক সপ্তাহ আগে গোষ্ঠী সংঘর্ষে তেতে ওঠে মহেশতলা। সেই সময়ও পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন ওঠে। আজও যেভাবে শুভেন্দুকে ঘিরে বিক্ষোভ দেখানো হয়, মাইকে




স্লোগান দেওয়া হয়, রাস্তায় ট্যাবলো নামানো হয়, তাতে ফের পুলিশের ভূমিকায় প্রশ্ন তুলেছে বিজেপি।শুভেন্দু জানান, তাঁকে আটকানোর চেষ্টা করেছিল তৃণমূল। কিন্তু তাতে সফল হবে না তারা। হিংসার বিচার হবে বলেও হুঙ্কার দিয়েছেন তিনি। কোনও রাজনৈতিক মন্তব্য করতে পারবেন না শর্তে শুভেন্দুকে মহেশতলা যাওয়ার অনুমতি দেয় আদালত। সেই মতো কনভয়ে চেপে বৃহস্পতিবার মহেশতলা পৌঁছন শুভেন্দু। কিন্তু সেখানে পা রাখতেই তুমুল বিক্ষোভের মুখে পড়তে হয় তাঁকে। শুভেন্দুকে দেখেই 'চোর', 'চোর' রব শোনা যায়। সংবাদমাধ্যমের ক্যামেরার সামনেই মাইক নিয়ে সমবেত সুরে লোকজন চিৎকার করতে শুরু করেন, "চোর চোর চোরটা, শিশিরবাবুর ছেলেটা।" শুভেন্দুকে দেখে কেন এই বিক্ষোভ, তাতে একজন বলেন, "চোর, শিশিরবাবুর ছেলে এক নম্বরের চোর। মেদিনীপুরে অশান্তি করে, লাইট বন্ধ করে ভোটে জিতেছে। ওকে মমতা

এরপর ৩ পাতায়






# রাজ্যে কত 'গ্রুপ সি' কর্মী, বিএলও নিয়োগ করতে তালিকা চাইল নির্বাচন কমিশন




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নির্বাচনের ঢাকে কাঠি পড়ে গেল। কোন দপ্তরে কত গ্রুপ 'সি' কর্মী রয়েছেন, তার তালিকা চেয়ে সরকারকে চিঠি দিল নির্বাচন কমিশন। বলা হয়েছে, যত দ্রুত সম্ভব এই কর্মীর সংখ্যা জানাতে হবে কমিশনকে। গ্রুপ 'সি' এই কর্মীরা বুথ লেভেল অফিসার (বিএলও)-এর দায়িত্ব পালন করবেন। ভোট শেষ না হওয়া পর্যন্ত তাঁরা নির্বাচনের গোটা প্রক্রিয়ায় যুক্ত থাকবেন।প্রশাসন সূত্রে খবর, বাংলাদেশি নাগরিক হয়েও এদেশের ভোটার কার্ড পেয়ে যাচ্ছেন অনেকে। এই তথ্যই কমিশনকে ভাবাচ্ছে। সেক্ষেত্রে বিএলওদের ভূমিকা স্ক্যানারে এসেছে। কারণ বুথভিত্তিক সমীক্ষা করে ভোটার কার্ড পেতে কারা যোগ্য আর কারা অযোগ্য সেই তথ্য দেয় বিএলও-রাই। আর তা নজরে আসে কমিশনের। তাই তাদের নিয়োগবিধি নির্দিষ্ট করে দেওয়া হয়। বলা হয়, বিএলও নিয়োগ করতে হবে গ্রুপ সি এবং তার উপরের স্তরের কর্মীদের থেকে। সংশ্লিষ্ট কর্মীকে হতে হবে পূর্ণ সময়ের চাকুরিজীবী। তবে পঞ্চায়েত ও পুরসভার স্থায়ী কর্মীরাও সেক্ষেত্রে এই তালিকাভুক্ত হতে পারেন। যদি কোনও কারণে এতসংখ্যক কর্মী না পাওয়া যায় তখন ইআরও এবং জেলাশাসক তা জানাবেন মুখ্য নির্বাচনী আধিকারিককে। তিনি অনুমতি দিলে তবেই চুক্তিভিত্তিক শিক্ষক-শিক্ষিকা, অঙ্গনওয়াড়ি কর্মীদের এই বিএলও-র কাজে নেওয়া হতে পারে।নতুন ভোটারের নাম সংযুক্তিকরণ, নাম সংশোধন, ঠিকানা বদল-সহ নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজকর্ম করবেন। নবান্ন সূত্রে খবর, চলতি সপ্তাহেই নির্বাচন কমিশন অফিস থেকে সরকারের বিভিন্ন দপ্তরকে এই চিঠি দেওয়া হয়েছে। শুধুমাত্র গ্রুপ 'সি' কর্মীদের তালিকাই চাওয়া হয়েছে। নির্বাচন কমিশনের এক কর্তার কথায়, বিএলও-র সুপারিশের ভিত্তিতেই জেলার ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও) আবেদনকারীর নাম ভোটার তালিকায় তোলার চূড়ান্ত সিদ্ধান্ত নেন। ফলে কোনও গরমিল পেলেই কমিশন তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে পারবে। কমিশন জানিয়েছে, স্থায়ী সরকারি কর্মী, পঞ্চায়েত, পুরসভা বা কোনও স্বশাসিত সংস্থার স্থায়ী কর্মীকেই বিএলও করতে হবে। কোনওভাবেই চতুর্থ শ্রেণির পদমর্যাদার কর্মীকে এই দায়িত্ব দেওয়া যাবে না।

কমিশন সূত্রে খবর, চলতি মাসেই রাজ্যের ৮০ হাজার ৪৫৩ বিএলও নিয়োগ প্রক্রিয়া শেষ হয়ে যাবে। তার পরে শুরু হবে বিশেষ প্রশিক্ষণ। প্রথম দিকে কয়েক দফায় বিএলও-দের দিল্লিতে নিয়ে গিয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২ জুলাই থেকে দু'দিনের বিশেষ প্রশিক্ষণ দেবে কমিশন। এর মধ্যে ২ হাজার ৫০০ বিএলও দিল্লিতে বসে প্রশিক্ষণ নেবেন। বাকিরা নিজেদের জেলায় বসে অনলাইন প্রশিক্ষণে যোগ দেবেন। এঁদের সঙ্গে থাকবেন ইআরও, জেলাশাসক বা জেলার নির্বাচনী আধিকারিকরা।

# ঝাড়গ্রামের গুপ্তমনি এলাকায় ভয়াবহ বাস দূর্ঘটনায় মৃত্যু হল এক মহিলার, ঘটনায় আহত শিশু সহ ২৯ জন

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**



বুধবার সকালে ঝাড়গ্রাম থানার গুপ্তমনি এলাকায় ৬ নম্বর জাতীয় সড়কে ভয়াবহ বাস দুর্ঘটনায় মৃত্যু হল বাসন্তী মাহাতো নামে এক মহিলার। আহত শিশু সহ ২৯ জন । গোপীবল্লভপুর থেকে খড়্গাপুর হয়ে মেদিনীপুর গামী রাধাগোবিন্দ নামে একটি বাস ৬ নম্বর জাতীয় সড়কে গুপ্তমনির কাছে এক মোটরসাইকেল আরোহী কে বাঁচাতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ে।জাতীয় সড়ক থেকে নেমে পড়ে বাস টি, যার ফলে বাসের সামনের চাকা খুলে বেরিয়ে যায়। বাস দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়ে ঝাড়গ্রাম থানার পুলিশ স্থানীয় বাসিন্দাদের সহযোগিতায় আহতদের ঘটনাস্থল থেকে উদ্ধার করে ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে এসে চিকিৎসার জন্য ভর্তি করে । আহত ২৯ জনের মধ্যে ৪ জন বাস যাত্রী গুরুতর অবস্থায় রয়েছে। তবে ঠিক কি কারনে ওই দুর্ঘটনাটি ঘটেছে তা খতিয়ে দেখার জন্য পুলিশ তদন্তের কাজ শুরু করেছে। যার ফলে ওই বাস দুর্ঘটনা কি কেন্দ্র করে ঝাড়গ্রাম ব্লকের গুপ্তমনি এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।






(১ম পাতার পর)

# রাষ্ট্রপতি শাসনের দাবি তুললেন বিরোধী দলনেতা

বন্দ্যোপাধ্যায় এনেছে, ও মমতা বন্দ্যোপাধ্যায়কে আনেননি। মেদিনীপুরে কিছু করতে পারেনি, মহেশতলায় কী করবে।" শুধু তাই নয়, শুভেন্দুর কনভয়ের পথে বেশ কিছু ট্যাবলোও চোখে পড়ে এদিন, যাতে লেখা ছিল, 'আমি হলাম গিরগিটি'।

সেই আবহে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে পুলিশের ভূমিকায় প্রশ্ন তোলেন শুভেন্দু। বলেন, "এটা ১৬৩ ধারা? ১৬৩ ধারা কি বিজেপি-র জন্য, নাকি বিরোধীদের জন্য, নাকি হিন্দুদের জন্য? অসভ্যতামির চূড়ান্ত। অন্য লোক হলে ঘুরে পালিয়ে যেত। ঘরে পালানোর সিন নেই। সবার সঙ্গে দেখা করেছি, আহতদের বাড়িতে গিয়েছি। জোর করে অনেক দোকান বন্ধ করেছে। এখানকার মানুষকে বলে যাব, আপনারা ইনসাফ, বিচার পাবেন। আপনাদের বিচার দিতে, এলাকায় শান্তি ফিরিয়ে আনতে বিরোধী দলনেতা যা করার করবে, আইনের মধ্যে থেকে করব।"

মহেশতলায় দাঁড়িয়ে আজও রাষ্ট্রপতি শাসনের দাবি করেন শুভেন্দু। তিনি আরও বলেন, "রাজীব কুমার ও ডায়মন্ড হারবার জেলা পুলিশকে বলব, ভাইপোর নির্দেশে যা করলে, তাতে সরাসরি কোর্টকে চ্যালেঞ্জ করলেন। আমি পুরো ভিডিও করতে করতে এসেছি নেটার পার্ক থেকে। হাইকোর্টে ভিডিও জমা দেব। এই জন্যই পশ্চিমবঙ্গের মানুষ রাষ্ট্রপতি নির্বাচন চাইছেন। আমিও বলি, রাষ্ট্রপতি শাসনে নির্বাচন না হলে, এই এলাকার মানুষকে লোকসভার নির্বাচনেও ভোট দিতে দেওয়া হয়নি, আগামী বিধানসভা নির্বাচনেও ভোট দিতে দেওয়া হবে না।"

# তারকেশ্বরে আসন্ন শ্রাবণী মেলা উপলক্ষে প্রশাসনের তরফে শেওড়াফুলিতে গঙ্গার ঘাট পরিদর্শন

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, শেওড়াফুলি, হুগলি**

তারকেশ্বরে আসন্ন শ্রাবণী মেলা উপলক্ষে শেওড়াফুলিতে গঙ্গার ঘাট গুলির নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে প্রশাসনের তরফ থেকে শেওড়াফুলির নিমাই তীর্থ ঘাট, হাতিশালা ঘাট এবং শুভতলা ঘাট পরিদর্শনে আসেন রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতি মন্ত্রী বেচারাম মান্না, অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হুগলি জেলাশাসক মুক্তা আর্য সহ হুগলি জেলা প্রশাসনের আধিকারিকবৃন্দ। উল্লেখ্য প্রতিবছর শ্রাবণ মাসে তারকেশ্বরে শ্রাবণী মেলায় কয়েক লক্ষ পুন্যার্থীর সমাগম হয়। ভক্তবৃন্দরা শেওড়াফুলির বিভিন্ন ঘাট থেকে



জল তুলে তারকেশ্বরের পথে রওনা দেন ,তাই গঙ্গার ঘাটে জল তোলার সময় যাতে কোনো রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে তার প্রস্তুতি হিসাবে প্রশাসনের তরফ থেকে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করার উদ্দেশ্যে আধিকারিক বৃন্দরা ঘাটগুলি পরিদর্শন করেন। মন্ত্রী বেচারাম মান্না সরেজমিনে ঘাটগুলি পরিদর্শন করে প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

# জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে জার্মানির চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

**নয়াদিল্লি, ১৮ জুন, ২০২৪**

কানাডার কানানাস্কিসে জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জার্মানির চ্যান্সেলর ফ্রেডরিক মার্জ-এর সঙ্গে বৈঠক করেছেন। চলতি বছরের মে মাসে চ্যান্সেলর মার্জ দায়িত্ব গ্রহণের পর দুই নেতার এটিই প্রথম বৈঠক। নির্বাচনে জয়লাভ ও জার্মানির শাসনক্ষমতায় আসার জন্য প্রধানমন্ত্রী চ্যান্সেলরকে অভিনন্দন জানান। আমেদাবাদে গত সপ্তাহে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় জার্মান সরকারের সমবেদনা জ্ঞাপনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। দ্বিপাক্ষিক সম্পর্কের ধারাবাহিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে দুই

এরপর ৬ পাতায়

# ধনিয়াখালি থানার উদ্যোগে সেভ ড্রাইভ সেফ লাইফ কর্মসূচি

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, ধনিয়াখালি, হুগলি**

ধনিয়াখালি থানার উদ্যোগে সেভ ড্রাইভ সেফ লাইফ কর্মসূচি রূপায়নের উদ্দেশ্যে আজ বানেশ্বরী মায়ের মন্দিরের মোড় থেকে ভান্ডারহাটি ঘড়ির মোড় পর্যন্ত এক বিশাল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তারকেশ্বর বিধানসভার বিধায়ক রামেন্দু সিংহরায়, ডিএসপি ডিএনটি প্রিয়ব্রত বক্সী, সিআই ধনিয়াখালি রামগোপাল পাল, ধনিয়াখালি থানার অফিসার ইনচার্জ গৌরাঙ্গ দে , ভাণ্ডারহাটি ১নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান রতনচন্দ্র মল্লিক, সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। এই কর্মসূচির অঙ্গ হিসাবে চলতি হেলমেট বিহীন মোটরবাইক চালকদের সতর্ক করা হয় এবং হেলমেট না পরার বিপদ সম্পর্কে তাদের বোঝানো হয় । এর পাশাপাশি চারচাকা গাড়িতে সেভ ড্রাইভ সেফ লাইভের স্টিকার লাগিয়ে দেওয়া হয়। যে সমস্ত বাইক আরোহী হেলমেট পড়ে মোটরবাইক চালাচ্ছেন তাদের গোলাপ ফুল দিয়ে সম্মান জানান ধনিয়াখালি থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ গৌরাঙ্গ দে সহ অন্যান্য পুলিশ আধিকারিক বৃন্দ। এই কর্মসূচিতে পথ চলতি সাধারণ মানুষকে ঠান্ডা পানীয় জলের শরবত ও ৩৫ জন হেলমেট বিহীন বাইক চালকের হাতে হেলমেট তুলে দেওয়া হয়। এই কর্মসূচিতে বহু মানুষ অংশগ্রহণ করেন।

## সম্পাদকীয়

### এয়ার ইন্ডিয়া এবং এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের কর্মকাণ্ড খতিয়ে দেখল ডিজিসিএ

অসামরিক বিমান পরিবহণ মহানির্দেশনালয় বা ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন (ডিজিসিএ) এয়ার ইন্ডিয়া লিমিটেড এবং এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের শীর্ষ পদাধিকারিদের সঙ্গে ঐ দুটি উড়ান সংস্থার পরিচালন সংক্রান্ত নানা বিষয় খতিয়ে দেখল। এই দুটি সংস্থা দৈনিক দেশ ও বিদেশে ১ হাজারেরও বেশি উড়ান পরিষেবা দিয়ে থাকে।

যাত্রীদের নিরাপত্তা এবং পরিষেবা সংক্রান্ত নিয়মাবলী বজায় রাখার ওপর বৈঠকে জোর দেওয়া হয়। যে বিষয়গুলি বিশেষভাবে উঠে আসে তার মধ্যে রয়েছে রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিলম্ব। এক্ষেত্রে উপযুক্ত সমন্বয়ের ওপর জোর দিয়েছে ডিজিসিএ। মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে আকাশ পরিসর সংক্রান্ত বিধিনিষেধ, যাত্রীদের কাছে যথাসময়ে প্রয়োজনীয় খবরাখবর ও তথ্য পৌঁছে দেওয়া নিয়েও কথা হয়। এয়ার ইন্ডিয়ার বোয়িং-৭৮৭ বিমানগুলির সাম্প্রতিক পর্যবেক্ষণে যাত্রী নিরাপত্তার ক্ষেত্রে বড় ধরনের কোনো উদ্বেগের বিষয় ফুটে ওঠেনি বলে জানা গেছে।

প্রকাশিত তথ্য অনুযায়ী, ১২ জুন এই দুটি সংস্থার নির্ধারিত ৯০টি উড়ানের মধ্যে ছ'টি বাতিল করা হয়েছে। বি-৭৮৭-এর নির্ধারিত ৫০টি উড়ানের মধ্যে বাতিল হয়েছে পাঁচটি। ১৭ জুন সন্ধ্যা ৬টা পর্যন্ত দুটি সংস্থার নির্ধারিত ৫৫টি উড়ানের মধ্যে ১৬টি বাতিল হয়েছে। বি-৭৮৭ বিমানের ক্ষেত্রে ৩০টি উড়ানের মধ্যে বাতিল হয়েছে ১৩টি।

ডিজিসিএ-এর তরফে জানানো হয়েছে, যাত্রীদের নিরাপত্তার ক্ষেত্রে কোনো আপোষ করা হবে না। সবক'টি উড়ান সংস্থার কাজকর্মের ওপরেই কড়া নজর রাখা হবে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(বাহান্নতম পর্ব)



ক্যানভাসটিকে যদি নানা রঙে রঙিয়ে তোলার ইচ্ছা থাকে, তাহলে এই মন্ত্রটি জপ করতে ভুলবেন না যেন!বিশ্বাস করুন বা না করুন একথা মানতেই হবে যে আমাদের আশেপাশে পজেটিভ শক্তি যেমন রয়েছে, তেমনি রয়েছে নেগেটিভ বা খারাপ শক্তিও। আর কোনওভাবে যদি এই খারাপ শক্তির মাত্রা বাড়তে শুরু করে, তাহলে কিন্তু বেজায় বিপদ। কারণ সেক্ষেত্রে নানাবিধ খারাপ ঘটনা ঘটার আশঙ্কা যেমন বাড়ে, তেমনি হঠাৎ করে কোনও দুর্ঘটনার কবলে পরার সম্ভাবনাও থাকে। তাই তো বলি বন্ধু নিজেকে এবং পরিবারের বাকি সদস্যদের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## জি-৭ শীর্ষ বৈঠকের ফাঁকে মেক্সিকোর প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১৮ জুন, ২০২৫**

কানাডার কানানাস্কিস-এ জি-৭ শিখর সম্মেলনের ফাঁকে মেক্সিকোর প্রেসিডেন্ট ডঃ ক্লডিয়া শেনবাম পারডোর সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এই প্রথম মুখোমুখি হলেন তাঁরা।

ঐতিহাসিক জয়ের জন্য মেক্সিকোর প্রেসিডেন্টকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াইয়ে পাশে থাকার জন্য মেক্সিকোর প্রেসিডেন্টকে প্রধানমন্ত্রী ধন্যবাদ জানান। বাণিজ্য, বিনিয়োগ, স্টার্ট-আপ, বিজ্ঞান ও প্রযুক্তি, অটোমোবাইল প্রভৃতি ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও প্রসারিত করা নিয়ে তাঁদের মধ্যে কথা হয়। বিশেষভাবে উঠে আসে ফার্মাসিউটিক্যালস, কৃষি, স্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্রে অংশীদারিত্বের প্রসঙ্গ।

প্রযুক্তি, উদ্ভাবনা এবং ডিজিটাল জন-পরিকাঠামো ক্ষেত্রে ভারতের অগ্রগতির প্রশংসা করেন প্রেসিডেন্ট শেনবাম। সেমি-কন্ডাক্টর, কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম এবং গুরুত্বপূর্ণ খনিজ ক্ষেত্রে দ্বিপাক্ষিক বোঝাপড়া আরও বাড়ানোর ওপর জোর দেন দুই নেতা। পাশাপাশি, সাংস্কৃতিক এবং পর্যটন ক্ষেত্রে অংশীদারিত্ব বৃদ্ধির বিষয়টিও উঠে আসে। দুই নেতার মধ্যে আন্তর্জাতিক নানা বিষয় এবং দক্ষিণী বিশ্বের দেশগুলির স্বার্থ নিয়ে মতবিনিময় হয়। ২০১৬ সালে তাঁর মেক্সিকো সফরের উল্লেখ করেন প্রধানমন্ত্রী। প্রেসিডেন্ট শেনবামকে ভারত সফরের আমন্ত্রণ জানান তিনি।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

আদি সাংখ্যের প্রকৃতির বোধন থেকে যে উৎসব শুরু, দীপান্বিতায় প্রকৃতির নৈরাত্মা, কৈবল্যদায়িনী, মোক্ষপ্রদায়িনী কালীরূপটির উপাসনা কি সেই মাতৃকাধর্মের উৎসবের একটা স্বাভাবিক চূড়ান্ত পর্যায়? কারণ এই উপাসনার সঙ্গে জৈনদের কৈবল্যের একটা সংযোগের প্রমাণ আছে। **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# তমলুকের বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় হাসপাতালে আইসিইউতে চিকিৎসাধীন

**বেবি চক্রবর্তী: কলকাতা**



গ্যাস্ট্রোইনটেস্টাইনাল সেপসিসে আক্রান্ত, চিকিৎসায় রাতদিন নজর মেডিক্যাল টিমের তিন দিন কেটে গেল, তমলুকের বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় এখনও সংকটমুক্ত নন। আলিপুরের একটি বেসরকারি হাসপাতালের আইসিইউতে রাখা হয়েছে তাঁকে। চিকিৎসকদের মতে, তিনি "গ্যাস্ট্রোইনটেস্টাইনাল সেপসিস" নামের এক জটিল সংক্রমণে আক্রান্ত, যা দ্রুত নিয়ন্ত্রণে না এলে শরীরের একাধিক অঙ্গ বিকল হয়ে যেতে পারে।

হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, সাংসদের শরীরে সংক্রমণ ছড়িয়ে পড়েছে খাদ্যনালীর মাধ্যমে। সেপসিস এমন এক রোগ, যা শরীরের প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা ধ্বংস করে দিয়ে একের পর এক অঙ্গ-প্রত্যঙ্গের ওপর আঘাত হানে।

এই অবস্থায়, কিডনি, হৃদযন্ত্র, এমনকি মস্তিষ্কও ঝুঁকির মধ্যে চলে আসে।

চিকিৎসকদের মতে, "গ্যাস্ট্রোইনটেস্টাইনাল সেপসিস সাধারণ সংক্রমণের মতো শুরু হলেও দ্রুত মারাত্মক রূপ নিতে পারে। এই রোগে অন্ত্রে ছড়িয়ে পড়া জীবাণু হঠাৎ শরীরের প্রতিরক্ষা ব্যবস্থাকে ভেঙে দেয়। সময়মতো চিকিৎসা না হলে মৃত্যুঝুঁকিও থাকে।"

কীভাবে ছড়ায় এই রোগ?

খাদ্যনালীর মাধ্যমে শরীরে প্রবেশ করা জীবাণু কখনও পেটের যন্ত্রণার মতো হালকা উপসর্গ দেখাতে পারে। কিন্তু যখন তা সেপসিসের রূপ নেয়, তখন শরীরের নানা গুরুত্বপূর্ণ তন্ত্র — যেমন ত্বক, শ্বাসতন্ত্র, পরিপাকতন্ত্র — আক্রান্ত হতে থাকে। এর ফলে উচ্চ জ্বর, বমি, রক্তচাপ পতন ও শ্বাসকষ্টের মতো উপসর্গ দেখা দেয়।

বিজেপি শিবিরে ব্যাপক উদ্বেগ তৈরি হয়েছে সাংসদের অসুস্থতা ঘিরে। সূত্রের খবর, দলীয় শীর্ষ নেতৃত্বও নিয়মিত খোঁজ রাখছেন তাঁর চিকিৎসার অগ্রগতি সম্পর্কে। পরিবারের সদস্যরাও এখন প্রতিটি মুহূর্ত কাটাচ্ছেন উদ্বেগে।

চিকিৎসকরা জানিয়েছেন, আপাতত ৭২ ঘণ্টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সময়ের মধ্যে সংক্রমণ কতটা নিয়ন্ত্রণে আনা যায়, তার উপর নির্ভর করছে অভিজিৎবাবুর ভবিষ্যৎ।

সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় একসময় বিচারপতি ছিলেন কলকাতা হাই কোর্টে। রাজনীতিতে এসে জনসংযোগ ও সাংগঠনিক দক্ষতায় তিনি জনপ্রিয়তা অর্জন করেন। বর্তমানে তাঁর সুস্থতা কামনায় প্রার্থনায় মুখর তাঁর সহকর্মী, শুভানুধ্যায়ী ও সাধারণ মানুষ।

# নাবালিকা ধর্ষণ কাণ্ডে যাবজ্জীবন সহ জরিমানা সাজা ঘোষণা বারুইপুর আদালতের!

**নুরসেলিম লস্কর,কুলতলী**

এক নাবালিকাকে অপহরণ করে দিনের পর দিন ধর্ষণের অভিযোগে দোষী সাব্যস্ত হলেন দক্ষিণ ২৪ পরগনার কুলতলীর সানকিজাহানের বাসিন্দা অমর দাস (৩৬)। বারুইপুর পকসো আদালতের বিচারক সুব্রত চ্যাটার্জী তাকে আজকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেন। সেই সঙ্গে অভিযুক্ত অমর দাস কে পঞ্চাশ হাজার টাকা জরিমানা এবং নির্যাতিতাকে ক্ষতি পূরণ হিসাবে এক লক্ষ টাকা দেওয়ার নির্দেশ দেন। জরিমানা অনাদায়ে এক বছরের সশ্রম কারাদন্ডেরও নির্দেশ দেওয়া হয় এদিন।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, অভিযুক্ত অমর দাস বিবাহিত হলেও বিবাহের কিছু মাস পরেই স্ত্রী তাকে ছেড়ে চলে যায়। অভিযোগ, তখন ২০২২ সালে হুগলি জেলার এক ১৪ বছরের নাবালিকাকে অপহরণ করে নিজের বাড়িতে এনে দিনের পর দিন ধর্ষণ করে সে। জানা গিয়েছে, মেয়েটি পারিবারিক অশান্তির কারণে ঘর ছেড়ে চলে আসে এবং এক রেলস্টেশনে বসে থাকার সময় অমর দাস তার সঙ্গে আলাপ করে, বিয়ের প্রস্তাব দিয়ে তাকে কুলতলীতে নিজের বাড়িতে নিয়ে যায় অমর। পরে নিজের দাদা ও বৌদির বাড়ি পুরীতেও ঐ নাবালিকা কে নিয়ে যায় এবং সেখানেও ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর আবার কুলতলীতে ফিরে এসেও তাকে লাগাতার নির্যাতন করতে থাকে সে! অভিযুক্তের দিদি ও জামাইবাবুও এই ঘটনায় ইন্ধন জুগিয়েছিল বলে অভিযোগ উঠলেও, আদালতে উপযুক্ত প্রমাণের অভাবে তারা বেকসুর খালাস পেয়ে যায়। এমনকি মেয়েটিকে কলকাতার বৌবাজারের পতিতাপল্লীতে বিক্রি করার চেষ্টা করেছিল সে, কিন্তু ঐ কিশোরীর বয়স কম হওয়ায় সে চেষ্টা ব্যর্থ হয় তার।

এরপর ৬ পাতায়




## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সস্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# প্রধানমন্ত্রী এবং মার্কিন প্রেসিডেন্টের ফোনালাপ প্রসঙ্গে বিদেশ মন্ত্রকের বিবৃতি

**নয়াদিল্লি, ১৮ জুন, ২০২৫**

প্রধানমন্ত্রী মোদী এবং প্রেসিডেন্ট ট্রাম্পের মধ্যে জি-৭ শিখর সম্মেলনের ফাঁকে বৈঠক হওয়ার কথা ছিল। কিন্তু প্রেসিডেন্ট ট্রাম্পকে আগেই মার্কিন যুক্তরাষ্ট্রে ফিরতে হওয়ায় সেই বৈঠক হয়নি।

এরপর, প্রেসিডেন্ট ট্রাম্পের অনুরোধে দুই নেতার মধ্যে আজ টেলিফোনে কথা হয়েছে। কথোপকথনের স্থায়িত্ব ছিল ৩৫ মিনিট।

পহেলগাঁও-এ ২২ এপ্রিল জঙ্গি হামলার পর প্রেসিডেন্ট ট্রাম্প টেলিফোনে প্রধানমন্ত্রী মোদীকে সমবেদনা জানিয়েছিলেন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে সংগ্রামে নিজের সমর্থনও জানিয়েছিলেন তিনি। তারপরে এটিই হল দুই নেতার মধ্যে প্রথম বার্তালাপ।

সেজন্য প্রধানমন্ত্রী মোদী প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে কথোপকথনে অপারেশন সিঁদুর নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

প্রধানমন্ত্রী মোদী স্পষ্টভাবে প্রেসিডেন্ট ট্রাম্পকে জানিয়ে দেন যে ২২ এপ্রিলের পর ভারত সারা বিশ্বের কাছে সন্ত্রাসবাদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের বিষয়ে নিজের সিদ্ধান্তের




কথা জানিয়ে দিয়েছে। মে মাসের ৬-৭ তারিখ রাতে ভারত পাকিস্তান এবং পাকিস্তান-অধিকৃত কাশ্মীরের জঙ্গি শিবির ও ঘাঁটিগুলিতেই কেবল অভিযান চালিয়েছে। এই সামরিক পদক্ষেপ ছিল নির্দিষ্ট মাত্রায়, নির্দিষ্ট লক্ষ্যে এবং সংঘাত বাড়িয়ে তোলা এর লক্ষ্য ছিল না। ভারত এটাও স্পষ্ট করে দিয়েছে যে পাকিস্তানের দিক থেকে আগ্রাসনমূলক যে কোন পদক্ষেপের ক্ষেত্রে আরও জোরালো জবাব দেওয়া হবে।

৯ মে রাতে ভাইস প্রেসিডেন্ট ভ্যান্স প্রধানমন্ত্রী মোদীকে ফোন করেন। ভাইস প্রেসিডেন্ট ভ্যান্স জানান, পাকিস্তান ভারতকে লক্ষ্য করে বড় ধরনের হামলা চালাতে পারে। প্রধানমন্ত্রী মোদী তাঁকে স্পষ্টভাবে জানিয়ে দেন, সেরকম কিছু হলে ভারত অধিকতর মাত্রায় তার জবাব দেবে।

মে মাসের ৯-১০ তারিখ রাতে ভারত পাকিস্তানের হামলার সমুচিত জবাব দেয় এবং তাতে পাকিস্তানি সেনাবাহিনীর যথেষ্ট ক্ষয়ক্ষতি হয়। তাদের সামরিক বিমানঘাঁটিগুলি অকেজো হয়ে পড়ে। ভারতের জোরালো প্রত্যুত্তরের জেরে পাকিস্তান সামরিক সক্রিয়তা থামানোর জন্য অনুরোধ করতে বাধ্য হয়।

প্রধানমন্ত্রী মোদী প্রেসিডেন্ট ট্রাম্পকে স্পষ্টভাবে বলেছেন যে গোটা ঘটনা প্রবাহের মধ্যে কোনো সময়েই ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি নিয়ে কিংবা ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘাত থামাতে মার্কিন মধ্যস্থতা নিয়ে কথা হয়নি। দু'দেশের সেনাবাহিনীর মধ্যে যোগাযোগের নির্দিষ্ট প্রণালী অনুযায়ীই সামরিক তৎপরতা বন্ধ রাখা নিয়ে ভারত ও পাকিস্তানের মধ্যে সরাসরি কথা হয়েছে এবং সেটা হয়েছে পাকিস্তানের অনুরোধে। প্রধানমন্ত্রী মোদী দৃঢ়ভাবে জানিয়ে দেন, ভারত মধ্যস্থতার প্রস্তাব স্বীকার করে না, এবং করবেও না। এ বিষয়ে ভারতে সম্পূর্ণ রাজনৈতিক ঐকমত্য রয়েছে।

প্রেসিডেন্ট ট্রাম্প মনোযোগ দিয়ে প্রধানমন্ত্রীর কথা শুনেছেন এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াইয়ে সমর্থনের কথা জানিয়েছেন। প্রধানমন্ত্রী মোদী আরও জানিয়ে দিয়েছেন যে ভারত সন্ত্রাসবাদকে আর ছায়াযুদ্ধ হিসেবে দেখে না, পুরোপুরি যুদ্ধ হিসেবে দেখে। ভারতের অপারেশন সিঁদুর এখনও চলছে।

কানাডা থেকে ফেরার পথে প্রধানমন্ত্রী মোদী মার্কিন যুক্তরাষ্ট্রে যেতে পারেন কিনা, তা জানতে চান প্রেসিডেন্ট ট্রাম্প। কিন্তু, অন্য কাজ থাকায় তেমনটা সম্ভব নয় বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন। অদূর ভবিষ্যতে দেখা করতে তাঁরা সচেষ্ট হবেন বলে জানিয়েছেন দুই নেতা।

প্রেসিডেন্ট ট্রাম্প এবং প্রধানমন্ত্রী মোদীর মধ্যে ইজরায়েল ও ইরানের চলতি সংঘাত নিয়েও কথা হয়। দুই নেতা মনে করেন, রাশিয়া-ইউক্রেন সংঘাত থামাতে দু'পক্ষের সরাসরি আলোচনা জরুরি এবং তা সম্ভব করে তুলতে ধারাবাহিক প্রচেষ্টা দরকার।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল প্রসঙ্গে নিজের নিজের অবস্থান ব্যাখ্যা করেন দুই নেতা। এই অঞ্চলে কোয়াড-এর গুরুত্বপূর্ণ ভূমিকার কথা বলেন দুজনেই। পরবর্তী কোয়াড শিখর সম্মেলনে যোগদানের জন্য প্রেসিডেন্ট ট্রাম্পকে ভারত সফরের আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী। প্রেসিডেন্ট ট্রাম্প সেই আমন্ত্রণ গ্রহণ করেছেন এবং ভারত সফরের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে জানিয়েছেন।

(৩ পাতার পর)

## জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে জার্মানির চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

নেতা বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, দূষণমুক্ত সুস্থিত উন্নয়ন অংশীদারিত্ব, দূষণমুক্ত জ্বালানী, প্রযুক্তি, উদ্ভাবন, শিক্ষা, গতিশীলতার মতো বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও সুদৃঢ় করার অঙ্গীকার ব্যক্ত করেন। ভারত- জার্মানি কৌশলগত অংশীদারিত্বের রজতজয়ন্তী বর্ষে দুই দেশ এই অংশীদারিত্বকে আরও গভীর ও বৈচিত্র্যপূর্ণ করতে সহমত হয়েছে।

বিশ্ব শান্তি ও সুস্থিতির পক্ষে সন্ত্রাসবাদ যে এক বড় হুমকি, তা নিয়ে দুই নেতা একমত হন। এই প্রসঙ্গে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের প্রতি সুদৃঢ় সমর্থন ও সংহতি প্রকাশের জন্য চ্যান্সেলর মার্জকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী।

বিভিন্ন গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে দুই নেতা মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী, চ্যান্সেলর মার্জকে তাঁর সুবিধামতো সময়ে ভারতে আসার আমন্ত্রণ জানান।

(৫ পাতার পর)

## নাবালিকা ধর্ষণ কাণ্ডে যাবজ্জীবন সহ জরিমানা সাজা ঘোষণা বারুইপুর আদালতের!

আর এরই মধ্যে এই ঘটনার খবর ছড়িয়ে পড়তেই কুলতলীর বিশিষ্ট সমাজকর্মী শক্তিপদ মন্ডল কুলতলি থানায় ফোন করে পুলিশকে সম্পূর্ণ বিষয়টি জানান এবং ১ মে ২০২২ তারিখে মামলা দায়ের হয় (কেস নম্বর: ২৫৯/২২)। তদন্তভার পান এসআই শুভময় দাস,যিনি বর্তমানে সিআইডি পশ্চিমবঙ্গ শাখায় কর্মরত। তিনি সেই সময় এই কেসের দায়িত্ব পেয়ে তড়িঘড়ি অভিযুক্তকে গ্রেপ্তার করে এবং ৩০ জুন আদালতে সম্পূর্ণ চার্জশিট পেশ করেন। আড়াই বছর ধরে চলতে থাকা এই বিচার প্রক্রিয়ায় মোট ৭ জন সাক্ষী দেয়।সরকার পক্ষের আইনজীবী অতসী হালদার সাহা মামলায় নাবালিকার হয়ে সওয়াল করেন। পাশাপাশি বারুইপুর জেলা পুলিশের ট্রায়াল মনিটরিং সেলের এসআই জয়ন্ত কুমার দাস মামলার তদারকিতে বিশেষ ভূমিকা পালন করেন।

আর এদিন আড়াই বছরের বিচারপর্ব শেষে অবশেষে সুবিচার পেল হুগলীর ঐ নির্যাতিতা। আর আদালতের এই রায়কে স্বাগত জানিয়েছে কুলতলি এলাকার বাসিন্দারা বলেন,'"এটাই হওয়া উচিত ছিল। এমন অপরাধের দৃষ্টান্তমূলক শাস্তি দরকার। আদালতের রায় দেখে আশার আলো দেখছি আমরা। মেয়েটি অনেক কষ্ট পেয়েছে, আজ তার জন্য ন্যায়বিচারের দিন।" আর সমাজকর্মী শক্তিপদ মণ্ডল, যিনি নিজে থানায় ফোন করে মেয়েটির উদ্ধারে উদ্যোগী হয়েছিলেন তিনি বলেন,'"আইন নিজের পথে চলেছে, আমরা খুশি। এই রায় নিঃসন্দেহে দৃষ্টান্তমূলক! যা সমাজে বার্তা দেবে, অন্যায় করলে শাস্তি অবধারিত"।

# সিনেমার খবর

## বিমানবন্দর থেকে ফিরে গেলেন দিশা

স্টাফ রিপোর্টার, রোজদিন



চলচ্চিত্রে যেমন তিনি ঝলমলে, বাস্তব জীবনেও তেমনি আলোচিত বি-টাউনের গ্ল্যামার কুইন দিশা পাটানি। ফ্যাশন সেন্স আর ক্যামেরার সামনে সাবলীল উপস্থিতিতে প্রায়ই থাকেন খবরে। তবে এবার একটু অন্য কারণে শিরোনামে এলেন এই বলিউড অভিনেত্রী।

রোববার সকালে মুম্বাই বিমানবন্দরে দেখা গেল দিশাকে। ছিলেন সাদা ফুলহাতা টি-শার্ট আর নীল ব্যাগি ডেনিম জিনসে। গাড়ি থেকে নেমে হাসিমুখে পাপারাজ্জিদের দিকে তাকিয়ে এগিয়ে গেলেন বিমানবন্দরের দিকে। কিন্তু সেখানেই বাধল বিপত্তি, কারণ সঙ্গে ছিল না পাসপোর্ট!

বিমানবন্দরের গেটে গিয়ে বিষয়টি বুঝতেই থমকে গেলেন দিশা। কিছুক্ষণ পরই ফেরেন। হতচকিত পাপারাজ্জিরা জানতে চান, কী হয়েছে? দিশার উত্তর ছিল হালকা হাসিতে— 'কিছু না'। এরপর আর কথা না বাড়িয়ে গাড়িতে উঠে চলে যান তিনি।

এই ঘটনার ভিডিও ইতিমধ্যেই ভাইরাল সামাজিক মাধ্যমে। অনেকেই মন্তব্য করছেন—'তারকা হলেও, পাসপোর্ট নিতে ভুলে যাওয়া দোষ।'

দিশা ঠিক কোথায় যাচ্ছিলেন, সে বিষয়ে কিছু জানা যায়নি। গত মাসে মোনাকোতে অনুষ্ঠিত 'এফ ওয়ান গ্র্যান্ড পিক্স ২০২৫'-এ যোগ দিতে গিয়েছিলেন তিনি। সেখানে তার ফ্যাশনেবল লুক নিয়ে ছিল তুমুল আলোচনা—ব্যাকলেস টপ, ব্যাগি জিনস, মানানসই সানগ্লাস আর হাতে স্টাইলিশ ব্যাগ, সব মিলিয়ে পারফেক্ট প্যাকেজ!

২০১৬ সালে 'এম এস ধোনি: দ্য আনটোল্ড স্টোরি' সিনেমার মাধ্যমে বলিউডে অভিষেক হয় দিশার। এরপর তামিল ছবি 'লোফার', আর একটি আন্তর্জাতিক প্রজেক্টে সোনু সুদের সঙ্গে কাজ করে নিজের অবস্থান মজবুত করেন তিনি।

বর্তমানে দিশা ব্যস্ত অ্যাকশন-কমেডি ছবি 'ওয়েলকাম টু দ্য জঙ্গল'-এর শুটিং নিয়ে।

## বলিউডে পা রাখছেন আমির খানের মা

স্টাফ রিপোর্টার, রোজদিন



'সিতারে জামিন পার' সিনেমার মাধ্যমে বলিউডে পা রাখতে যাচ্ছেন অভিনেতা আমির খানের মা জিনাত। ৯০ বছর বয়সী জিনাতের পাশাপাশি আমির খানের বোন অভিনেত্রী নিখাতও থাকবেন এই সিনেমায়।

সম্প্রতি মুম্বাইতে এক সাক্ষাৎকারে এই তথ্য প্রকাশ করেন আমির খান। খবর এনডিটিভির

এই সিনেমায় অভিনয় করার পরিকল্পনা ছিল না তার মায়ের, জানান আমির। জিনাত সাধারণত আমির খানের সঙ্গে কোনো সিনেমার সেটে যান না। তবে 'সিতারে জামিন পার' সিনেমার শুটিং চলাকালে একদিন তিনি আমির খানের সঙ্গে সেটে আসেন। সেদিন একটি বিয়ের গানের শুটিং চলছিল।

শুটিং চলাকালে সিনেমার ডিরেক্টর আমির খানকে বলেন, তার মা গান চলাকালীন একজন অতিথি হিসেবে সিনেমার অংশ হতে পারেন। প্রথমে রাজি না হলেও পরে আমির খান তার মাকে এ বিষয়ে বলেন এবং জিনাত রাজি হয়ে যান। সিনেমার ওই গানটি চলাকালে পর্দায় দেখা যাবে আমির খানের মাকে।

সিনেমার কয়েকটি দৃশ্যে আমির খানের বোন নিখাত খানকেও দেখা যাবে। সিনেমায় আমির খানের বিপরীতে অভিনয় করেছেন জেনেলিয়া দেশমুখ। ছবিটি ২০ জুন প্রেক্ষাগৃহে মুক্তি পাবে।

## মা হবার পর প্রত্যাবর্তন দীপিকার, জুটি বাঁধছেন আল্লুর সঙ্গে



স্টাফ রিপোর্টার, রোজদিন

মা হওয়ার পর পর্দায় ফেরার কথা ছিল বলিউড সুপারস্টার দীপিকা পাড়ুকোনের। কিন্তু দীপিকার ঘড়ি ধরে শুটিং করার শর্ত মানেনি পরিচালক। যার জেরে সন্দীপ রেড্ডি ভাঙ্গা পরিচালিত 'স্পিরিট' ছবি থেকে দীপিকাকে বাদ দিয়ে তৃপ্তি দিমরিকে কাস্ট করেন পরিচালক সন্দীপ। দীপিকার এই ৮ ঘণ্টার বেশি কাজ না করার সিদ্ধান্ত নিয়ে যখন চর্চায় মুখর গোটা ভারত, ঠিক সেই সময় চমকে দিলেন দক্ষিণী পরিচালক অ্যাটলি। তাঁর আগামী ছবি 'AA22XA6'-তে দেখা যাবে দীপিকাকে। শনিবার, দক্ষিণী সুপারস্টার আল্লু অর্জুন এবং অ্যাটলির বহুল প্রতীক্ষিত ছবি "AA22xA6" শিরোনামে মুখ্য নারী চরিত্র হিসেবে দীপিকার নাম ঘোষণা করা হয়েছে। ছবিটির নির্মাতা সান পিকচার্স অ্যাটলির সাথে দীপিকার কথোপকথনের একটি ভিডিও শেয়ার করেছে। ভিডিওতে দেখা যাচ্ছে, ছবির পরিচালক অ্যাটলি দীপিকাকে স্ক্রিপ্ট বোঝাচ্ছেন। দীপিকাও বাধ্য ছাত্রীর মতোই পরিচালকের কথা মন দিয়ে শুনছেন। এপ্রিলের শুরুতে আল্লুর জন্মদিনে এই সিনেমার আনুষ্ঠানিক ঘোষণা হয়েছিল। তখনও আল্লু এবং অ্যাটলির ঠিক এমনই একটি ভিডিও শেয়ার করা হয়েছিল। সেই ভিডিওতে অবশ্য দেখা গিয়েছিল অ্যাটলি এবং আল্লু হলিউডের এক প্রখ্যাত ভিএফএক্স স্টুডিওতে প্রবেশ করছেন। ছবিটি যে সায়েন্স ফিকশন এবং অ্যাকশনধর্মী, তার ইঙ্গিত পাওয়া গিয়েছিল আগেই। এই ছবিতে দুর্ধর্ষ সব ভিএফএক্স-এর কাজ দেখতে চলেছেন দর্শক। প্যারালাল ইউনিভার্স-এর উপর ভিত্তি করে তৈরি এই ছবির চিত্রনাট্য পুনর্জন্মের গল্পে সাজানো। আল্লুকে এই ছবিতে দ্বৈত চরিত্রে দেখা যাবে। গোটাটাই পিরিয়ড ড্রামা। ভিডিওটি দীপিকা ভক্তদের মধ্যে ব্যাপক উৎসাহের জন্ম দিয়েছে। দীপিকার অ্যাকশন দেখার জন্য মুখিয়ে আছেন তাঁরা। অনেকেই মন্তব্য করেছেন যে এই তিন জুটির ছবি ব্লকবাস্টার হতে চলেছে। মা হওয়ার আগে ২০২৩ সালে অ্যাটলি পরিচালিত 'জওয়ান'-এ শেষ বার দেখা গিয়ে ছিল দীপিকাকে। মাঝের ২ বছর পর্দা থেকে বিরতি নেওয়ার পর, সেই অ্যাটলির হাত ধরেই প্রত্যাবর্তন হচ্ছে দীপিকার। দীপিকা এর আগে নাগ অশ্বিনের প্যান-ইন্ডিয়া ব্লকবাস্টার 'কল্কি ২৮৯৮ এডি'-তে কাজ করেছেন, যেখানে প্রভাস এবং অমিতাভ বচ্চনও অভিনয় করেছিলেন।

# আইসিসির হল অব ফেমে ৭ ক্রিকেটার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




আইসিসির বিশেষ সম্মাননা পেলেন ৭ ক্রিকেটার। নারী এবং পুরুষ মিলিয়ে মোট ৭ ক্রিকেটীয় কিংবদন্তিকে হল অব ফেমে জায়গা দিয়েছে আইসিসি। মহেন্দ্র সিং ধোনি, ম্যাথু হেইডেন, ড্যানিয়েল ভেটোরি, হাশিম আমলা, গ্রায়েম স্মিথ, সারা টেইলর এবং সানা মীর পেয়েছেন এমন সম্মাননা।

এদের মধ্যে সানা মীর আলাদা করে ইতিহাস গড়েছেন। পাকিস্তানের প্রথম নারী ক্রিকেটার হিসেবে আইসিসি হল অব ফেমে জায়গা করে নিয়েছেন তিনি। ২০০৫ সালে অভিষেকের পর পাকিস্তানের হয়ে ১২০টি নারী ওয়ানডেতে এবং ১০৬টি নারী টি-টোয়েন্টি খেলেছেন। এরমাঝে ৭২টি ওয়ানডে এবং ৬৫টি টি-টোয়েন্টিতে অধিনায়কত্ব করেছেন।

২০১০ ও ২০১৪ সালে এশিয়ান গেমসে পাকিস্তানের স্বর্ণপদক জয়ে অধিনায়ক ছিলেন। নিয়েছেন ১৫১ উইকেট। ২০১৮ সালে ওয়ানডে বোলারদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানেও ছিলেন সানা মীর। ভারতের সাবেক অধিনায়ক ধোনি ২০০৭ সালে পুরুষদের প্রথম টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী দলের অধিনায়ক। ২০১১ সালে পুরুষদের ওয়ানডে বিশ্বকাপ এনে দেন ভারতকে। দুই বছর পর, ২০১৩ সালে তিনি নেতৃত্ব দেন ভারতকে চ্যাম্পিয়ন্স ট্রফি জয়ের বেলায়। তিনি একমাত্র অধিনায়ক যিনি আইসিসির সব তিনটি সাদা বলের ট্রফি জিতেছেন। তার অধীনে ভারত টেস্ট র‍্যাঙ্কিংয়ের শীর্ষেও উঠেছিল।

হেইডেন ছিলেন সময়ের অন্যতম ভয়ঙ্কর ওপেনার। অস্ট্রেলিয়ান এই ওপেনার তার আক্রমণাত্মক ব্যাটিং প্রতিপক্ষ বোলারদের পরীক্ষা নিয়েছেন বারবার। ২০০৭ সালের ওয়ানডে বিশ্বকাপে তিনটি সেঞ্চুরি ছিল তার। ২০০৩ বিশ্বকাপ জয়ী দলেরও সদস্য ছিলেন।

দক্ষিণ আফ্রিকা থেকে এবারের হল অব ফেমে এসেছেন হাশিম আমলা এবং গ্রায়েম স্মিথ। প্রথম প্রোটিয়া ক্রিকেটার হিসেবে টেস্টে ট্রিপল সেঞ্চুরি করেছিলেন আমলা। সব ফরম্যাট মিলিয়ে তিনি ৫৫টির বেশি আন্তর্জাতিক সেঞ্চুরি করেন। গ্রায়েম স্মিথ বিশ্বরেকর্ড ১০৯টি টেস্টে দক্ষিণ আফ্রিকার নেতৃত্ব দেন, যার মধ্যে ৫৩টি জয় পেয়েছেন। তিনি একমাত্র খেলোয়াড় যিনি ১০০টিরও বেশি টেস্টে অধিনায়কত্ব করেছেন। দক্ষিণ আফ্রিকার হয়ে ১৫০টি ওয়ানডেতেও অধিনায়ক ছিলেন গ্রায়েম স্মিথ, যা তাদের ইতিহাসে সর্বোচ্চ।

নিউজিল্যান্ডের সাবেক অধিনায়ক ভেট্টোরি টেস্টে ৪০০০ রান এবং ৩০০ উইকেট নেয়া তিনজন ক্রিকেটারের একজন। তিনি নিউজিল্যান্ডকে ২০০৯ সালের চ্যাম্পিয়ন্স ট্রফিতে রানার্স-আপ করেন।

সারাহ টেইলর ছিলেন ইংল্যান্ড নারী দলের ২০০৯ সালের ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের অন্যতম নেপথ্য নায়িকা। তিনি ২০১৭ সালে ঘরের মাঠে ভারতের বিপক্ষে ওয়ানডে বিশ্বকাপ ফাইনালে ৪৫ রানের গুরুত্বপূর্ণ ইনিংস খেলেন। অসাধারণ উইকেটকিপিংয়ের জন্য খ্যাত টেইলর সব ফরম্যাটে মিলিয়ে ২৩২টি ডিসমিসাল করেন।

## মাত্র ২৯ বছর বয়সে আকস্মিক অবসরের ঘোষণা পুরানের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আচমকা ২৯ বছর বয়সে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন নিকোলাস পুরান। তার এমন সিদ্ধান্ত ধাক্কা হয়েই আসার কথা ক্যারিবিয়ান শিবিরে। কারণ নিজেদের খুঁজে পেতে অনেকদিন ধরেই চেষ্টা করছে ওয়েস্ট ইন্ডিজ। ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে খেলারও সুযোগ পায়নি দলটি। টি-টোয়েন্টিতে ওয়েস্ট ইন্ডিজের সবচেয়ে বেশি ম্যাচ খেলা ব্যাটার নিকোলাস পুরান। এই ফরম্যাটে তাদের সর্বোচ্চ রান সংগ্রাহকও তিনি। কিন্তু হঠাৎ অবসরের ঘোষণা দিয়ে সবাইকে রীতিমতো চমকে দিলেন এই মারকুটে ব্যাটার।

পুরান তার অবসরের ঘোষণা দেন ইনস্টাগ্রামে। সেখানে তিনি লেখেন, যে খেলাটিকে আমরা ভালোবাসি, তা অনেক কিছু দিয়েছে এবং ভবিষ্যতেও দিতে থাকবে — আনন্দ, লক্ষ্য, স্মরণীয় স্মৃতি আর ওয়েস্ট ইন্ডিজের মানুষদের প্রতিনিধিত্ব করার সুযোগ। ওই মেরুন জার্সি গায়ে চাপিয়ে, জাতীয় সঙ্গীতের সময় দাঁড়িয়ে থাকা আর প্রতিবার মাঠে নামার সময় নিজের সবটুকু উজাড় করে দেওয়া... এগুলোর মানে আমার কাছে ঠিক কতটা গভীর, সেটা শব্দে প্রকাশ করা কঠিন। দলকে অধিনায়ক হিসেবে নেতৃত্ব দেওয়া ছিল এমন একটি গর্বের বিষয়, যা আমি আজীবন হৃদয়ে ধারণ করে রাখবো।'

তিনি লেখেন, যদিও আমার আন্তর্জাতিক ক্যারিয়ারের এই অধ্যায়টি এখানেই শেষ হচ্ছে, তবু ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটের প্রতি আমার ভালোবাসা কখনোই মিলিয়ে যাবে না। দলের জন্য এবং গোটা অঞ্চলের আগামীর জন্য আমি কেবল সাফল্য আর শক্তি কামনা করি।

টি-টোয়েন্টি ক্রিকেটে পাওয়ার হিটিংয়ে সর্বোচ্চ চূড়ায় ছিলেন পুরান। গত বছর এই ফরম্যাটে সর্বোচ্চ ১৭০টি ছক্কা হাঁকিয়েছেন তিনি।

সম্প্রতি ইংল্যান্ড ও আয়ারল্যান্ড সফরে বিশ্রাম চেয়েছিলেন ২৯ বছর বয়সী। ফলে তাকে বাইরে রেখেই দল ঘোষণা করে ওয়েস্ট ইন্ডিজ। ২০১৬ সালের সেপ্টেম্বরে টি-টোয়েন্টিতে অভিষেক হয় পুরানের। ওয়ানডে অভিষেক হয় ২০১৯ সালের ফেব্রুয়ারিতে। কিন্তু ওয়েস্ট ইন্ডিজ ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ বাছাই পর্ব পার করতে ব্যর্থ হওয়ায় এই ফরম্যাটে আর ম্যাচ খেলেননি।

## রোহিত-কোহলিদের শূন্যতা পূরণ হয়ে যাবে; দাবি পন্টিংয়ের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




ভারতের দুই তারকা ক্রিকেটার রোহিত শর্মা ও বিরাট কোহলি চলতি বছরই টেস্ট ক্রিকেটকে বিদায় জানিয়েছেন। তাদের বিদায়ে ভারতীয় দলে শূন্যতা তৈরি হবে এটা ধারণা সকলেরই। তবে কোহলি ও রোহিত না থাকায় ভারত খুব বেশি ভুগবে বলে মনে করেন না অস্ট্রেলিয়ার কিংবদন্তি ক্রিকেটার রিকি পন্টিং।

অস্ট্রেলিয়াকে অধিনায়ক হিসেবে দুই বিশ্বকাপ জেতা পন্টিং বলেন, 'এটা সব সময়ই কঠিন ঔষধের মতো। টেস্ট ক্রিকেটে যারা এত দীর্ঘদিন ধরে সার্ভিস দিয়ে গেছে, সেসব ক্রিকেটারদের বদল খোঁজা। কিন্তু কোনো দেশ যদি তাদের শূন্যতা দ্রুত পূরণ করতে পারে, তাহলে সেটা ভারতই পারবে।'

এর পেছনে যুক্তিও দিয়েছেন অজি ক্রিকেট কিংবদন্তি, 'তাদের দেশে প্রচুর প্রচুর তরুণ প্রতিভা রয়েছে। আমি প্রায় ১০ বছর ধরেই আইপিএলে দেখে আসছি, যে যশস্বী জসওয়ালের মতো ক্রিকেটাররা উঠে আসছে। আর তারা আন্তর্জাতিক ক্রিকেটেও ভালো পারফরমেন্স করছে।'

নতুন টেস্ট অধিনায়ক গিলের নেতৃত্বে কোনো সমস্যা হবে না বলে মত পন্টিংয়ের, 'আমার মনে হয় দক্ষতার বদল করাটা বা শূন্যতা ভরাট করাটা সম্ভব, যেটা ভারত করতে পারবে। তবে অভিজ্ঞতার অভাব কিন্তু তাদের টের পেতেই হবে। যদিও শুভমান গিলের মতো তরুণ অধিনায়কের পাশে লোকেশ রাহুল, বুমরাহ রয়েছেন। এই পরিস্থিতিতে বা ট্রানজিশন অধ্যায়টা ভারতই ভালোভাবে সামলাতে পারবে।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR